দৈনিক জনকণ্ঠ

তারিখ 17 JAN 1998
পৃষ্ঠা ১ কলাম ২

# বিনা খরচে মেয়েদের এইচএসসি পড়াশোনার ব্যবস্থা ॥ ৫ বছরে ১১২ কোটি টাকা ব্যয়

শরিফুজ্জামান পিন্টু

এসএসসি ও দাখিল পাস করা প্রত্যেক ছাত্রীর জন্য সুখবর! সরকার এই প্রথম ইন্টারমিডিয়েট পর্যায়ে ছাত্রীদের বিনা খরচে পড়ার সুযোগ দিচ্ছে। এইচএসসি পরীক্ষার আগে অবিবাহিত থাকলে কলেজে ছাত্রীদের বেতন দিতে হবে না। বই কিনতে টাকা দেয়া হবে। দ্বিতীয় বর্ষ ফাইনাল পরীক্ষার ফিসও সরকার দেবে। শুধু তাই নয়, প্রতিমাসে প্রতি ছাত্রীকে দেয়া হবে উপবৃত্তি। খবর শিক্ষা মন্ত্রণালয়ের উর্ধতন সূত্রের।

জানা যায়, আগামী পাঁচ বছরে সরকার দেশের উচ্চ মাধ্যমিক পর্যায়ে অধ্যয়নরত ছ'লাখ ছাত্রীকে উপবৃত্তি প্রদান করবে। এ বাবদ সরকারের ব্যয় হবে ১১২ কোটি ১০ লাখ টাকা। উচ্চ মাধ্যমিক পর্যায়ে অধিক সংখ্যক ছাত্রী ভর্তি, ড্রপ

*(১১ পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)*

## বিনা খরচে মেয়েদের

*(প্রথম পাতার পর)*

আউট রোধ ও নারী শিক্ষা বিস্তারে সরকারী অর্থে প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

'৯৭ সালে যেসব ছাত্রী এসএসসি ও দাখিল পাস করে ইন্টারমিডিয়েট পর্যায়ে ভর্তি হয়েছে তারা এ উপবৃত্তি পাবে। প্রতি ছাত্রীকে উপবৃত্তি বাবদ প্রতি মাসে ৭৫ টাকা দেয়া হবে। এছাড়া প্রথমবর্ষে প্রত্যেক ছাত্রীকে বই ক্রয়ের জন্য ২শ' ৫০ টাকা দেয়া হবে। দ্বিতীয় বর্ষে ফাইনাল পরীক্ষার ফিস বাবদ দেয়া হবে পাঁচ শ' টাকা। এছাড়া বেতন বাবদ সংশ্লিষ্ট কলেজকে প্রতি ছাত্রীর জন্য ৫০ টাকা প্রদান করা হবে। ১৯৯৭ সালের জুলাই মাস থেকে দেশের ৪৬০টি গ্রামীণ থানায় এ কর্মসূচী শুরু হবার কথা থাকলেও '৯৮ সালে তা শুরু হবে। আগামী ২০০২ সাল পর্যন্ত ছাত্রীদের এ উপবৃত্তি প্রদান সম্ভব হবে।

জানা যায়, '৯৭ সালে এসএসসি ও দাখিল পরীক্ষায় মোট ৮৯ হাজার ছাত্রী পাস করেছে। এসব ছাত্রীর শতকরা ৬০ ভাগ একাদশ শ্রেণীতে ভর্তি হবে এ অনুমানের ভিত্তিতে ছাত্রী সংখ্যা দাঁড়ায় ৫৩ হাজার চার শ' প্রারম্ভিক বছরে এই ৫৩ হাজার চার শ' জনকে উপবৃত্তি দেয়া হবে। পরবর্তী প্রতি বছর শতকরা ১০ ভাগ ছাত্রী বেশি ধরে উপবৃত্তি প্রদান করা হবে।

সূত্র জানায়, যেসব ছাত্রী উপবৃত্তি গ্রহণ করবে তাদের এইচএসসি পরীক্ষা পর্যন্ত অবিবাহিত থাকতে হবে। এছাড়া শিক্ষাবর্ষের মোট কার্যদিবসের শতকরা ৭৫ ভাগ দিবসে শ্রেণীকক্ষে উপস্থিত থাকতে হবে।